গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৮ - জুন ৩০, ২০১৯

## সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৭

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৮

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ২৫

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

সরকারি আর্থিক ব্যবস্থাপনার আধুনিকায়নের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়ন এবং জনগণের নিকট সহজে সেবা পৌঁছানোর ক্ষেত্রে বিগত তিনটি অর্থবছরে অর্থ বিভাগ উল্লেখযোগ্য ভূমিকা রেখেছে। প্রতিবছর জাতীয় সংসদে বাৎসরিক বাজেট ও মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক নীতি-বিবৃতি পেশ করা হয়েছে। ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশে পরিণত হওয়ার লক্ষ্য অর্জনে অর্থ বিভাগ অনুঘটক হিসেবে কাজ করছে। বাজেটের আকার ক্রমান্বয়ে বাড়িয়ে ২০১৭-১৮ অর্থ বছরে ৪ লক্ষ ২৬৬ কোটি টাকায় উন্নীত করা ও সম্পদ বণ্টনে উন্নয়ন সঞ্চালক খাতকে প্রাধান্য দেয়ায় ২০১৬-১৭ অর্থ বছরে জিডিপি প্রবৃদ্ধি হয়েছে ৭.২৮ শতাংশ। সরকারি চাকুরিজীবিদের জন্য জাতীয় বেতন স্কেল ২০15 বাস্তবায়ন করায় তাদের জীবন মানে গুণগত পরিবর্তন এসেছে। সামাজিক খাতে লক্ষ্যাভিমুখী সম্পদ সঞ্চালনে দারিদ্র হ্রাস পেয়ে ২০১৬ সালে ২৪.৩ শতাংশে এবং অতি দারিদ্র হ্রাস পেয়ে ১২.৯ শতাংশে নেমে এসেছে; প্রত্যাশিত গড় আয়ুষ্কাল ৭১.৬ বছরে উন্নীত হয়েছে। এ সময়ে গৃহীত “Skill for Employment Investment Program (SEIP)'; Inclusive Budgeting and Financing for Climate Resilience (IBFCR) Project'; 'Strengthening Capacity for Child Focusing Budgeting in Bangladesh'; Strengthening Public Financial Management for Social Protection Under SGP' এবং Investment Promotion and Financing Facility (IPFF) প্রকল্পসমূহ দক্ষতা উন্নয়ন, সামাজিক সুরক্ষা, আর্থিক খাতের শৃঙ্খলা রক্ষা ও প্রবৃদ্ধি সুসংহত করণে ইতিবাচক প্রভাব ফেলছে। সরকারি ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণ কর্মসূচির আওতায় ইলেক্ট্রনিক বেতন ও পেনশন নির্ধারণ, পেনশন ডাটাবেজ প্রণয়ন, অনলাইনে বেতন বিল দাখিল, ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার, সমন্বিত বাজেট ও হিসাবরক্ষণ পদ্ধতি আইবাস++, বাজেট ও হিসাবরক্ষণ শ্রেণীবিন্যাস পদ্ধতি (BACS) ইত্যাদি উদ্ভাবনী কার্যক্রমের মাধ্যমে ১৬ লক্ষ সরকারি কর্মচারী উপকৃত হচ্ছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

সামষ্টিক অর্থনৈতিক চলকসমূহের প্রক্ষেপণ প্রক্রিয়ার উন্নতিসাধন, নগদ ব্যবস্থাপনাসহ সার্বিক ঋণ ব্যবস্থাপনার দক্ষতা উন্নয়ন, আর্থ-ব্যবস্থাপনার উন্নয়ন ও ব্যয় নিয়ন্ত্রণ, আর্থ-ব্যবস্থাপনায় কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধি উল্লেখযোগ্য চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

দক্ষ আর্থিক নীতি প্রণয়ন ও ব্যবস্থাপনা, সরকারি বাজেট ও হিসাবের নতুন শ্রেণিবিন্যাস কাঠামোর ফলপ্রসূ বাস্তবায়ন, iBAS++ ব্যবস্থার সম্প্রসারণ, সকল গ্রেডের কর্মচারিদের অনলাইনে বেতন-ভাতা, পেনশন প্রদান এবং ভবিষ্য তহবিল সম্পর্কিত হিসাব সংরক্ষণ পদ্ধতি ও সেবার মান উন্নয়নের পরিকল্পনা রয়েছে। আর্থ-ব্যবস্থাপনায় কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রণয়নের ব্যবস্থা গ্রহণ করা হবে।

**২০১৮-১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- রাজস্ব, মুদ্রা ও মুদ্রা বিনিময় হার নীতির সামঞ্জস্য বিধানের লক্ষ্যে মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (এমটিএমএফ) হালনাগাদকরণ;
- বাজেট ঘাটতি ৪.৫ শতাংশের মধ্যে সীমিত রেখে সরকারি ঋণ ধারণক্ষমতা সহনীয় পর্যায়ে রাখা;
- টেকসই ঋণ ধারণক্ষমতার বিশ্লেষণ (DSA), মধ্যমেয়াদি ঋণ কৌশল (MTDS) ও নগদ পূর্বাভাস মডেল হালনাগাদকরণ;
- বাজেট ও হিসাব ব্যবস্থাপনার জন্য আধুনিক ও উন্নততর সফটওয়্যার (iBAS++) সংযোজন কাজ সম্পন্ন করা;
- নতুন শ্রেণিবিন্যাস কাঠামো বিষয়ে সরকারের সকল মন্ত্রণালয়/বিভাগ/অধীনস্থ দপ্তর এবং হিসাব মহানিয়ন্ত্রকের আওতাধীন অফিসসমূহে কর্মরত সকলকে প্রশিক্ষণ প্রদান;
- পেনশনার ও কর্মকর্তা-কর্মচারিদের ডাটাবেইজ প্রণয়ন কাজের শতভাগ সম্পন্ন করা; এবং
- ফান্ডেড পেনশন ও সকল নাগরিকের জন্য সার্বজনীন পেনশন ব্যবস্থা চালুর প্রাথমিক কার্যক্রম পরিচালনা।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৮ সালের জুলাই মাসের ০৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

দূরদর্শী ও টেকসই সরকারি আর্থ-ব্যবস্থাপনার মাধ্যমে উচ্চ প্রবৃদ্ধি অর্জন।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

বিচক্ষণ আর্থিক নীতি প্রণয়ন ও সুষ্ঠু আর্থ-ব্যবস্থাপনার মাধ্যমে সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা বজায় রাখা ও সরকারের আর্থিক শৃঙ্খলা নিশ্চিতকরণ।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা বজায় রাখা
২. স্থিতিশীল আর্থ ব্যবস্থাপনা ও সম্পদ বন্টনে দক্ষতার উন্নয়ন
৩. টেকসই ঋণ ব্যবস্থাপনা
৪. সরকারি আর্থ ব্যবস্থাপনার সংস্কার কার্যক্রম জোরদারকরণ
৫. পেনশন ব্যবস্থার সংস্কার

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন
২. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন
৩. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ
৪. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. সরকারের রাজস্ব নীতি প্রণয়ন ও পর্যালোচনা এবং সামষ্টিক অর্থনৈতিক ব্যবস্থাপনা;

২. আর্থিক নীতিমালার উপর গবেষণা ও বিশ্লেষণ,এ সংক্রান্ত তথ্য-উপাত্ত সংগ্রহ এবং অর্থনৈতিক সমীক্ষা,বাজেটের অর্থনৈতিক বিশ্লেষণ এবং প্রতিবেদন প্রণয়ন;

৩. সরকারি ও বেসরকারি অংশীদারিত্বের জন্য বিনিয়োগে কারিগরি সহায়তা এবং হিসাব ও নিরীক্ষা সম্পর্কিত বিষয়াদি;

৪. বাজেট প্রণয়ন,অর্থ উপযোজন,পুনঃউপযোজন এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান ও কর্পোরেশনসমূহের কার্যাবলি পরিবীক্ষণের মাধ্যমে বাজেট পরীক্ষা ও অনুমোদন;

৫. বেতন স্কেল, বেতন নির্ধারণ, ছুটি, পেনশন, আনুতোষিক, অবসর সুবিধা, ভ্রমণ ভাতা, সাধারণ ভবিষ্য তহবিল ইত্যাদি এবং এরূপ বিষয়ে বিভিন্ন আর্থিক বিধানাবলি প্রণয়ন ও প্রয়োজনীয় আদেশ জারিকরণ;

৬. বিশ্বব্যাংক এবং এশীয় উন্নয়ন ব্যাংকসহ বিভিন্ন বহুপাক্ষিক এবং দ্বি-পাক্ষিক উন্নয়ন সহযোগী দাতা সংস্থাসমূহের সঙ্গে যোগাযোগ স্থাপন এবং আইএমএফ সংক্রান্ত বিষয়াবলি; এবং

৭. ঋণ এবং সাহায্যসহ সরকারি ঋণ ও ট্রেজারি ব্যবস্থাপনা ।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা ২০১৮-১৯ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৯-২০ | ২০২০-২১ | | |
| ঘাটতি অর্থায়নে অভ্যন্তরীণ ও বহিঃউৎসের মধ্যে টেকসই ঋণ মিশ্রণ নিশ্চিতকরণ | ঘাটতি অর্থায়ন: অভ্যন্তরীণ উৎস | জিডিপি'র শতকরা হার | ৩.৩ | ২.৮ | ৩.১ | ৩.৪ | ৩.৪ | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড ও বাংলাদেশ ব্যাংক | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন সংশ্লিষ্ট বাজেট ডকুমেন্টস |
| ঘাটতি অর্থায়নে অভ্যন্তরীণ ও বহিঃ উৎসের ঋণ মিশ্রণ নিশ্চিতকরণ | ঘাটতি অর্থায়ন: বৈদেশিক উৎস | জিডিপি'র শতকরা হার | ০.৯ | ০.৩ | ১.৬ | ১.৫ | ১.৫ | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড ও বাংলাদেশ ব্যাংক | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন সংশ্লিষ্ট বাজেট ডকুমেন্টস |
| বাজেট বরাদ্দ ব্যবহারে সক্ষমতা বৃদ্ধি | বাজেট বরাদ্দ ও ব্যয়ের অনুপাত | শতকরা হার | ৮৮.০০ | ৯৩.০০ | ৯৪.০০ | ৯৬.০০ | ৯৬.০০ | পরিকল্পনা মন্ত্রণালয় | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন সংশ্লিষ্ট বাজেট ডকুমেন্টস |
| বাজেট ঘাটতি ধারণযোগ্য পর্যায়ে রাখা | বাজেট ঘাটতি ধারণযোগ্য পর্যায়ে রাখা | জিডিপি'র শতকরা হার | ৪.১ | ৪.২ | ৫.০০ | ৫.০০ | ৫.০০ | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড ও বাংলাদেশ ব্যাংক | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন সংশ্লিষ্ট বাজেট ডকুমেন্টস |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [১] সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা বজায় রাখা | ২৫ | [১.১] রাজস্ব, মুদ্রা ও মুদ্রা বিনিময় হার নীতির সামঞ্জস্য বিধানের লক্ষ্যে মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (এমটিএমএফ) হালনাগাদকরণ | [১.১.১] হালনাগাদকৃত মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (এমটিএমএফ) | সংখ্যা | ৭ | ২ | ২ | ২ | ১ | | | | ২ | ২ |
| | | [১.২] বাজেট বাস্তবায়নের স্বচ্ছতা নিশ্চিতকরণ | [১.২.১] মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক নীতি বিবৃতি প্রকাশিত | সংখ্যা | ৫ | ১ | ১ | ১ | | | | | ১ | ১ |
| | | | [১.২.২] বাজেট বাস্তবায়ন অগ্রগতি ও আয়-ব্যয়ের গতিধারা এবং সামষ্টিক অর্থনৈতিক বিশ্লেষণ সংক্রান্ত প্রতিবেদন প্রকাশিত | সংখ্যা | ৪ | ৩ | ৩ | ৩ | ২ | ১ | | | ৩ | ৩ |
| | | | [১.২.৩] ওয়েবসাইটে প্রকাশিত "Monthly Report on Fiscal Position" | সংখ্যা | ৩ | ১২ | ১২ | ১২ | ১১ | ৯ | | | ১২ | ১২ |
| | | | [১.২.৪] ওয়েবসাইটে প্রকাশিত "Monthly Macro-Fiscal Update" | সংখ্যা | ৩ | ১২ | ১২ | ১২ | ১১ | ৯ | | | ১২ | ১২ |
| | | [১.৩] সামষ্টিক অর্থনৈতিক বিষয়ে সহায়তা ও পরামর্শ প্রদান | [১.৩.১] প্রস্তুতকৃত পলিসি নোটস | সংখ্যা | ৩ | ৫ | ৫ | ৬ | ৫ | ৪ | ৩ | | ৬ | ৬ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [২] স্থিতিশীল আর্থ ব্যবস্থাপনা ও সম্পদ বণ্টনে দক্ষতার উন্নয়ন | ২১ | [২.১] টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্য সম্পদের বরাদ্দ বৃদ্ধি | [২.১.১] সরকারি ব্যয়, জিডিপির শতকরা হারে | % | ৪ | ১৩.৮ | ১৩.৮ | ১৪.৫ | ১৪.৩ | | | | ১৭.৬ | ১৮.০ |
| | | [২.২] বাজেট ঘাটতি ধারণযোগ্য পর্যায়ে রাখা | [২.২.১] বাজেট ঘাটতি, জিডিপির শতকরা হারে | % | ৪ | ৪ | ৪.৫ | ৪.৫ | ৪.৪ | | | | ৪.৯ | ৪.৯ |
| | | [২.৩] রাজস্ব আয় ও ব্যয়ের ক্ষেত্র বাজেট প্রাক্কলন ও প্রকৃত অর্জনের মধ্য ব্যবধান হ্রাস | [২.৩.১] বাজেটে প্রাক্কলিত লক্ষ্যমাত্রার তুলনায় প্রকৃত রাজস্ব আদায়ের শতকরা হার | % | ৪ | ৯১ | ৯১ | ৯১ | ৯০ | | | | ৯০ | ৯২ |
| | | | [২.৩.২] বাজেট বরাদ্দের তুলনায় প্রকৃত ব্যয়ের শতকরা হার | % | ৪ | ৯০ | ৯০ | ৯০ | ৮৮ | | | | ৯২ | ৯৩ |
| | | [২.৪] বাজেট প্রণয়ন প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ অংশীজনে (মাননীয় সংসদ সদস্যগণ, অর্থনীতিবিদ ব্যবসায়ী সংগঠন) সঙ্গে আলোচনা ও পরামর্শ প্রণয়ন | [২.৪.১] অনুষ্ঠিত প্রাক-বাজেট সভা | সংখ্যা | ৩ | ১০ | ১০ | ১০ | ৯ | | | | ১০ | ১০ |
| | | | [২.৪.২] মন্ত্রণালয়/ বিভাগের MBF প্রতিবেদন মূল্যায়ণ | % | ২ | | | ৮০ | ৭০ | | | | ৯০ | ১০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | |
| [৩] টেকসই ঋণ ব্যবস্থাপনা | ১৭ | [৩.১] ঋণ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের সঙ্গে নিয়মিত আলোচনা | [৩.১.১] নগদ ও ঋণ ব্যবস্থাপনা কারিগরি কমিটির (CDMTC) অনুষ্ঠিত মাসিক সভা | সংখ্যা | ৩ | ১১ | ১২ | ১২ | ১১ | | | | ১২ | ১২ |
| | | | [৩.১.২] গদ ও ঋণ ব্যবস্থাপনা কমিটির (CDMC) সভা | সংখ্যা | ২ | ৪ | ৪ | ৪ | ৩ | | | | ৪ | ৪ |
| | | [৩.২] ট্রেজারি বিল ও বন্ডের নিলাম পঞ্জিকা প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ | [৩.২.১] প্রকাশিত ট্রেজারি বিলের মাসিক নিলাম পঞ্জিকা | সংখ্যা | ২ | ১২ | ১২ | ১২ | ১১ | | | | ১২ | ১২ |
| | | | [৩.২.২] প্রকাশিত ট্রেজারি বন্ডের ষান্মাসিক নিলাম পঞ্জিকা | সংখ্যা | ১ | ২ | ২ | ২ | ১ | | | | ২ | ২ |
| | | [৩.৩] DMFAS v6.0-এ ঋণ ডাটা সংরক্ষণ | [৩.৩.১] নতুন সার্ভার ক্রয় ও ইন্সটলেশন | তারিখ | ১ | | | ১৫.০৬.১৯ | ২০.০৬.১৯ | ২৫.০৬.১৯ | | | | |
| | | [৩.৪] সরকারি ট্রেজারি সিকিউরিটিজের সেকেন্ডারি বাজার উন্নয়ন | [৩.৪.১] সরকারি ইসলামী ট্রেজারি বন্ড ইস্যুর লক্ষ্যে ধন্তরণাপত্র প্রণয়ন ও সরকারের নিকট উপস্থাপন | তারিখ | ১ | | | ৩১.১২.১৮ | ৩১.০১.১৯ | ১৫.০২.১৯ | ২৮.০২.১৯ | ১৫.০৩.১৯ | | |
| | | | [৩.৪.২] সরকারি সিকিউরিটিজের প্রাইমারি ডিলারদের সাথে মত বিনিময় | সংখ্যা | ১ | | | ৩ | ২ | ১ | | | | |
| | | [৩.৫] রাষ্ট্রীয় গ্যারান্টির স্বচ্ছতা নিশ্চিতকরণে বাজেট ডকুমেন্টের সঙ্গে দায়ের স্থিতি সংক্রান্ত তথ্য নিয়মিত প্রকাশ | [৩.৫.১] প্রকাশিত তথ্য | তারিখ | ২ | | | ১৫.০৬.১৯ | ২০.০৬.১৯ | ২৫.০৬.১৯ | | | | |
| | | [৩.৬] ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন ২০১৫ বাস্তবায়ন | [৩.৬.১] ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের নির্বাহী পরিচালক নিয়োগ | তারিখ | ১ | | | ২৮.০৫.১৮ | | | | | | |
| | | [৩.৭] কারিগরি সহায়তা তহবিল (PPPTAF) সংক্রান্ত আদেশ/বিধি/নির্দেশনা/পরিপত্র জারি | [৩.৭.১] Rules for Public Private Partnership Technical Assistance Financing (PPPTAF), 2018 প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ | তারিখ | ১ | | | ৩১.০৮.১৮ | ৩১.১০.১৮ | ৩১.১২.১৮ | ২৮.০২.১৯ | ৩০.০৪.১৯ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| | | [৩.৮] অর্থনৈতিকভাবে লাভজনক কিন্তু আর্থিকভাবে অলাভজনক পিপিপি প্রকল্পে Viability Gap Financing (VGF) প্রধান এবং এ সংক্রান্ত আদেশ/বিধি/নির্দেশনা/পরিপত্র জারি | [৩.৮.১] Rules for Viability Gap Financing (VGF) for Public Private Partnership (PPP) Projects 2018 প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ | তারিখ | ১ | | | ৩০.০৯.১৮ | ৩০.১১.১৮ | ৩১.১২.১৮ | ৩১.০৩.১৯ | ৩১.০৫.১৯ | | |
| | | | [৩.৮.২] পিপিপি প্রকল্পে Viability Gap Financing (VGF) প্রদানের নীতিগত সম্মতি প্রদান। | সংখ্যা | ১ | | | ১ | | | | | ২ | ৩ |
| [৪] সরকারি আর্থ ব্যবস্থাপনার সংস্কার কার্যক্রম জোরদারকরণ | ৭ | [৪.১] বাজেট ও হিসাব ব্যবস্থাপনার জন্য নতুন সফটওয়্যার (iBAS++) সংযোজন | [৪.১.১] সম্পাদিত কাজ | % | ৩ | ৫০ | ৫০ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৯০ | ১০০ |
| | | [৪.২] নতুন বাজেট ও হিসাব শ্রেণিবিন্যাস পদ্ধতি প্রণয়ন | [৪.২.১] সম্পাদিত কাজ | % | ২ | ৯০ | ৯০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| | | [৪.৩] সরকারি আর্থিক ব্যবস্থাপনা বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি | [৪.৩.১] প্রশিক্ষিত কর্মকর্তা | সংখ্যা | ২ | ৩৫০ | ৩৫০ | ৩৭০ | ৩৬০ | ৩৫০ | ৩৪০ | ৩৩০ | ৪০০ | ৪০০ |
| [৫] পেনশন ব্যবস্থার সংস্কার | ৫ | [৫.১] ফান্ডেড পেনশন ও সকল নাগরিকের জন্য সার্বজনীন পেনশন ব্যবস্থা চালু প্রাথমিক কার্যক্রম পরিচালনা | [৫.১.১] ফান্ডেড পেনশন ও সর্বজনীন পেনশন বিষয়ে প্রণীত ধারণাপত্র সরকারের নিকট উপস্থাপন | তারিখ | ১ | | | ৩০.০৪.১৯ | ১৫.০৫.১৯ | ৩১.০৫.১৯ | ১৫.০৬.১৯ | ৩০.০৬.১৯ | | |
| | | [৫.২] নতুন পেনশনার ও কর্মকর্তা-কর্মচারিদের ডাটাবেইজ হালনাগাদকরণ | [৫.২.১] ডাটাবেইজ হালনাগাদকরণ | সংখ্যা | ২ | ৪৫ | ১০০ | ১০০ | ৯৮ | ৯৬ | ৯৪ | ৯২ | ১০০ | ১০০ |
| | | [৫.৩] CAO ফান্ড এন্ড পেনশন অফিস সৃজন | [৫.৩.১] অফিস সৃজন | তারিখ | ২ | | | ৩১.০৩.১৯ | ১০.০৪.১৯ | ২০.০৪.১৯ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | |
| [১] কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ১০ | [১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [১.১.১] ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ | | |
| | | | [১.১.২] ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত ** | % | ১ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | | [১.১.৩] ই-ফাইলে পত্র জারীকৃত *** | % | ১ | | | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | | |
| | | [১.২] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক অনলাইন সেবা চালু করা | [১.২.১] ন্যূনতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত | তারিখ | ১ | | | ১৫.০১.১৯ | ১৭.০২.১৯ | ৩১.০৩.১৯ | ৩০.০৪.১৯ | ৩০.০৫.১৯ | | |
| | | [১.৩] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | [১.৩.১] ডাটাবেজ অনুযায়ী ন্যূনতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | | | ১১.০৩.১৯ | ১৮.০৩.১৯ | ২৫.০৩.১৯ | ০১.০৪.১৯ | ০৮.০৪.১৯ | | |
| | | [১.৪] প্রতিটি শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন ও বিনষ্ট করা | [১.৪.১] বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণীত | তারিখ | ০.৫ | | | ১০.০১.১৯ | ১৭.০১.১৯ | ২৪.০১.১৯ | ২৮.০১.১৯ | ৩১.০১.১৯ | | |
| | | | [১.৪.২] প্রণীত তালিকা অনুযায়ী বিনষ্টকৃত নথি | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | [১.৫] সিটিজেন্স চার্টার বাস্তবায়ন | [১.৫.১] হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | | | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | | [১.৫.২] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | | | ৩১.১২.১৮ | ১৫.০১.১৯ | ০৭.০২.১৯ | ১৭.০২.১৯ | ২৮.০২.১৯ | | |
| | | [১.৬] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.৬.১] নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তিকৃত | % | ০.৫ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | | [১.৬.২] অভিযোগ নিস্পত্তির বিষয়ে অভিযোগকারীকে অবহিতকরণ | % | ০.৫ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | [১.৭] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারী করা | [১.৭.১] পিআরএল আদেশ জারীকৃত | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | - | - | | |
| | | | [১.৭.২] ছুটি নগদায়নপত্র জারীকৃত | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | - | - | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৮ | [২.১] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [২.১.১] ত্রিপক্ষীয় সভায় নিষ্পত্তির জন্য সুপারিশকৃত অডিট আপত্তি | % | ০.৫ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | | [২.১.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ০.৫ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | [২.২] স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [২.২.১] স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | | | ০৩.০২.১৯ | ১৭.০২.১৯ | ২৮.০২.১৯ | ২৮.০৩.১৯ | ১৫.০৪.১৯ | | |
| | | | [২.২.২] অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | | | ০৩.০২.১৯ | ১৭.০২.১৯ | ২৮.০২.১৯ | ২৮.০৩.১৯ | ১৫.০৪.১৯ | | |
| | | [২.৩] বাজেট বাস্তবায়নে উন্নয়ন | [২.৩.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত | সংখ্যা | ০.৫ | | | ১ | - | - | - | - | | |
| | | | [২.৩.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | | | ৪ | ৩ | - | - | - | | |
| | | [২.৪] বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | [২.৪.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [২.৫] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [২.৫.১] ক্রয় পরিকল্পনা বাস্তবায়িত | % | ০.৫ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [২.৬] অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিষ্পত্তিকরণ | [২.৬.১] নিষ্পত্তিকৃত | % | ০.৫ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | [২.৭] বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা | [২.৭.১] বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [২.৮] শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | [২.৮.১] নিয়োগ প্রদানকৃত | % | ১ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৪০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৩] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৪ | [৩.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন **** | [৩.১.১] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | - | - | - | | |
| | | | [৩.১.২] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোয় অন্তর্ভুক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.২] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৩.২.১] মন্ত্রণালয়/বিভাগের সকল তথ্য ও অনলাইন সেবা ৩৩৩ সহ তথ্য বাতায়নে সংযোজিত | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | - | - | | |
| | | [৩.৩] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [৩.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | | | ১৫.১০.১৮ | ২৯.১০.১৮ | ১৫.১১.১৮ | ২৯.১১.১৮ | ১৩.১২.১৮ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | |
| [৪] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | [৪.১] অধীনস্থ দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও ওয়েবসাইটে আপলোড | [৪.১.১] স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ওয়েবসাইটে আপলোডকৃত | তারিখ | ০.৫ | | | ২৪.০৬.১৮ | ২৬.০৬.১৮ | ২৮.০৬.১৮ | | | | |
| | | [৪.২] ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল | [৪.২.১] মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ০.৫ | | | ১৯.০৮.১৮ | ২৭.০৮.১৮ | ২৯.০৮.১৮ | ০৩.০৯.১৮ | ০৫.০৯.১৮ | | |
| | | [৪.৩] দপ্তর/সংস্থার ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) প্রদান | [৪.৩.১] ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | ১ | | | ৩১.০১.১৯ | ০৭.০২.১৯ | ১০.০২.১৯ | ১১.০২.১৯ | ১৪.০২.১৯ | | |
| | | [৪.৪] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | [৪.৪.১] আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘণ্টা * | ১ | | | ৬০ | - | - | - | - | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রী, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ................................ | ৪ জুলাই, ২০১৮ |
| সচিব<br>অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | তারিখ |
| ................................ | ০৪.০৭.২০১৮ |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | তারিখ |

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | MTDS | MTDS Medium Term Debt Strategy |
| ২ | এনটিআর | নন ট্যাক্স রেভিনিউ |
| ৩ | DMFAS V6.0 | Debt Management and Financial Analysis System, version 6.0 |
| ৪ | সিডিএমটিসি (CDMTC) | নগদ ও ঋণ ব্যবস্থাপনা কারিগরি কমিটি (Cash & Debt Management Technical Committee) |
| ৫ | জিডিপি (GDP) | জাতীয় অভ্যন্তরীণ উৎপাদন (Gross Domestic Product) |
| ৬ | এনবিআর | জাতীয় রাজস্ব বোর্ড |
| ৭ | iBAS ++ | Integrated Budget and Accounting System, Version ++ |
| ৮ | DSA | Debt Sustainability Analysis |
| ৯ | সিডিএমসি(CDMC) | নগদ ও ঋণ ব্যবস্থাপনা কমিটি (Cash & Debt Management Technical Committee) |
| ১০ | এমটিএমএফ (MTMF) | মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (Medium Term Macro Economic Framework) |
| ১১ | সিজিএ | কন্ট্রোলার জেনারেল অব একাউন্টস |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] রাজস্ব, মুদ্রা ও মুদ্রা বিনিময় হার নীতির সামঞ্জস্য বিধানের লক্ষ্যে মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (এমটিএমএফ) হালনাগাদকরণ | [১.১.১] হালনাগাদকৃত মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (এমটিএমএফ) | মাননীয় অর্থমন্ত্রীর সভাপতিত্বে অর্থ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, এনবিআর, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, বাণিজ্য মন্ত্রণালয় ও কার্যক্রম বিভাগের প্রতিনিধিত্বে উচ্চ পর্যায়ের কমিটি (কো-অর্ডিনেশন কাউন্সিল) কর্তৃক হালনাগাদকৃত মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (এমটিএমএফ) অনুমোদিত হয়। এমটিএমএফে অর্থনীতিরি চারটি খাত (প্রকৃত, রাজস্ব, মুদ্রা ও বহিঃ) সম্পর্কিত সামষ্টিক অর্থনৈতিক চলকসমূহের প্রক্ষেপন সন্নিবেশিত থাকে। | সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন এবং মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক নীতি-বিবৃতি | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.২] বাজেট বাস্তবায়নের স্বচ্ছতা নিশ্চিতকরণ | [১.২.১] মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক নীতি বিবৃতি প্রকাশিত | "সরকারি অর্থ ও বাজেট ব্যবস্থাপনা আইন, ২০০৯"-এর ১১ ধারা অনুযায়ী মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক নীতি বিবৃতি জাতীয় সংসদে উপস্থাপন করা হয়, যাতে অন্তর্নিহিত অনুমানসমূহের বিশ্লেষণসহ অর্থনীতির প্রবৃদ্ধি সম্ভাবনার পর্যালোচনা, অর্থনৈতিক সূচকসমূহের মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা, রাজস্ব আয়, ব্যয়, বাজেট ঘাটতি অর্থায়ন, ঋণ সংগ্রহ কৌশলের মূল্যায়ণ, ঋণ গ্রহণের লক্ষ্যমাত্রা ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত থাকে। | সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ | নীতি বিবৃতিটির মুদ্রিত কপিসহ অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশনা | প্রতি বছর বার্ষিক বাজেট ডকুমেন্টস-এর সাথে জাতীয় সংসদে উপস্থাপন করা হয় |
| | [১.২.২] বাজেট বাস্তবায়ন অগ্রগতি ও আয়-ব্যয়ের গতিধারা এবং সামষ্টিক অর্থনৈতিক বিশ্লেষণ সংক্রান্ত প্রতিবেদন প্রকাশিত | "সরকারি অর্থ ও বাজেট ব্যবস্থাপনা আইন, ২০০৯" অনুযায়ী বাজেট বাস্তবায়ন অগ্রগতি ও আয়-ব্যয়ের গতিধারা এবং সামষ্টিক অর্থনৈতিক বিশ্লেষণ সংক্রান্ত প্রতিবেদন জাতীয় সংসদে মাননীয় অর্থমন্ত্রী কর্তৃক উপস্থাপন করা হয়। | সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ | প্রতিবেদনটির মুদ্রিত কপিসহ অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশনা | |
| | [১.২.৩] ওয়েবসাইটে প্রকাশিত "Monthly Report on Fiscal Position" | প্রতিবেদনে রাজস্ব পরিস্থিতির হালনাগাদ অবস্থা তুলে ধরা হয়, যা অর্থ বিভাগের ওয়েবসাইটে মাসিক ভিত্তিতে প্রকাশ করা হয়। | সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশিত রিপোর্ট [www.mof.gov.bd] | হালনাগাদ তথ্য না থাকায় মাসিক প্রতিবেদনটি নির্দিষ্ট মাসের ২ মাস পরে প্রকাশিত হয় |
| | [১.২.৪] ওয়েবসাইটে প্রকাশিত "Monthly Macro-Fiscal Update" | প্রতিবেদনে সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতির হালনাগাদ অবস্থা তুলে ধরা হয়, যা অর্থ বিভাগের ওয়েবসাইটে মাসিক ভিত্তিতে প্রকাশ করা হয়। | সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশিত রিপোর্ট [www.mof.gov.bd] | হালানাগাদ তথ্য না থাকায় মাসিক প্রতিবেদনটি নির্দিষ্ট মাসের ২ মাস পরে প্রকাশিত হয় |
| [১.৩] সামষ্টিক অর্থনৈতিক বিষয়ে সহায়তা ও পরামর্শ প্রদান | [১.৩.১] প্রস্তুতকৃত পলিসি নোটস | অভ্যন্তরীণ গবেষণা কর্মকান্ডের অংশ হিসেবে অর্থ বিভাগের কর্মকর্তাগণ একাধিক পলিসি নোট, ধারণাপত্র ও গবেষণাপত্র প্রস্তুত করে থাকে, যা নীতি নির্ধারণে ভূমিকা পালন করে। উল্লেখ্য, এ পর্যন্ত প্রস্তুতকৃত বিভিন্ন পলিসি নোট ও গবেষণাপত্র সরকারের বেশ কয়েকটি মাইলফলক নীতি প্রণয়নে ভূমিকা রেখেছে। | সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [২.১] টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্য সম্পদের বরাদ্দ বৃদ্ধি | [২.১.১] সরকারি ব্যয়, জিডিপির শতকরা হারে | বাজেটের আওতাধীন সরকারি ব্যয় | সকল মন্ত্রণালয়/বিভাগ ও এর অধীনস্থ দপ্তরসমূহ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও বাজেট ডকুমেন্টস | |
| [২.২] বাজেট ঘাটতি ধারণযোগ্য পর্যায়ে রাখা | [২.২.১] বাজেট ঘাটতি, জিডিপির শতকরা হারে | সরকারের রাজস্ব আয় ও সরকারি ব্যয়ের পার্থক্য (অনুদান ব্যতীত) | অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও বাজেট ডকুমেন্টস | |
| [২.৩] রাজস্ব আয় ও ব্যয়ের ক্ষেত্র বাজেট প্রাক্কলন ও প্রকৃত অর্জনের মধ্য ব্যবধান হ্রাস | [২.৩.১] বাজেটে প্রাক্কলিত লক্ষ্যমাত্রার তুলনায় প্রকৃত রাজস্ব আদায়ের শতকরা হার | বাজেটের সংশোধিত লক্ষ্যমাত্রার তুলনায় প্রকৃত রাজস্ব আদায়ের উন্নতি আর্থ-ব্যবস্থাপনার উন্নয়নের নির্দেশক | অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও বাজেট ডকুমেন্টস | |
| | [২.৩.২] বাজেট বরাদ্দের তুলনায় প্রকৃত ব্যয়ের শতকরা হার | বাজেটের সংশোধিত লক্ষ্যমাত্রার তুলনায় প্রকৃত ব্যয় অবস্থার উন্নতি আর্থ-ব্যবস্থাপনার উন্নয়নের নির্দেশক | অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও বাজেট ডকুমেন্টস | |
| [২.৪] বাজেট প্রণয়ন প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ অংশীজনে (মাননীয় সংসদ সদস্যগণ, অর্থনীতিবিদ ব্যবসায়ী সংগঠন) সঙ্গে আলোচনা ও পরামর্শ প্রণয়ন | [২.৪.১] অনুষ্ঠিত প্রাক-বাজেট সভা | বাজেট প্রণয়ন প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ অংশীজনের (মাননীয় সংসদ সদস্যগণ, অর্থনীতিবিদ, ব্যবসায়ী সংগঠন) সঙ্গে আলোচনা ও পরামর্শ গ্রহণ করা হয়। এ সভাসমূহ হতে জাতীয় বাজেট প্রণয়নের নীতি-কৌশল সম্পর্কে ধারণা পাওয়া যায়। | অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [২.৪] বাজেট প্রণয়ন প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ অংশীজনে (মাননীয় সংসদ সদস্যগণ, অর্থনীতিবিদ ব্যবসায়ী সংগঠন) সঙ্গে আলোচনা ও পরামর্শ প্রণয়ন | [২.৪.২] মন্ত্রণালয়/ বিভাগের MBF প্রতিবেদন মূল্যায়ণ | বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের MBF পর্যালোচনার মাধ্যমে প্রতিবেদন মূল্যায়ণ | অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৩.১] ঋণ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের সঙ্গে নিয়মিত আলোচনা | [৩.১.১] নগদ ও ঋণ ব্যবস্থাপনা কারিগরি কমিটির (CDMTC) অনুষ্ঠিত মাসিক সভা | সরকারের নগদ ও ঋণ ব্যবস্থাপনা কার্যক্রমকে নিবিড়, জবাবদিহিমূলক ও নির্ভুল করার জন্য সর্বোচ্চ নীতি-নির্ধারণী কমিটিকে কারিগরি সহায়তা প্রদান, ডাটা'র গুণগত মান বজায় রাখা, পর্যালোচনা প্রতিবেদন প্রণয়ন এ কারিগরি কমিটির কাজ, ঋণ সংশ্লিষ্ট সকল দপ্তরের মধ্যে নিয়মিত নিবিড় যোগাযোগ রক্ষা করার মাধ্যমে কার্যক্রম সমন্বয় করার জন্য সংশ্লিষ্ট সকল দপ্তরের প্রতিনিধি নিয়ে গঠিত এ কমিটির নিয়মিত সভা সরকারের নগদ ও ঋণ ব্যবস্থাপনা কার্যক্রমকে গতিশীল ও কার্যকর রাখে বিধায় সভা অনুষ্ঠান একটি গুরুত্বপূর্ণ কর্মসম্পাদন সূচক | অর্থ বিভাগের ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ; অর্থনৈতিক সম্পর্ক বিভাগ; বাংলাদেশ ব্যাংক; সঞ্চয় অধিদপ্তর, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| | [৩.১.২] গদ ও ঋণ ব্যবস্থাপনা কমিটির (CDMC) সভা | সরকারের নগদ ও ঋণ ব্যবস্থাপনার সর্বোচ্চ নীতি নির্ধারণী এ কমিটিতে ঋণ সংশ্লিষ্ট সকল দফতরের প্রতিনিধিত্ব রয়েছে। নগদ ও ঋণের ব্যয় ও ঝুকি সর্বনিম্ন পর্যায়ে রেখে বাজেট ঘাটতি অর্থায়ন এবং অর্থ ব্যবস্থাপনায় টেকসই অবস্থা বজায় রাখার জন্য বিভিন্ন নিয়ামকের গতি প্রকৃতি পর্যালোচনা করে এ কমিটি সাধারণত বৎসরে ৪টি সভায় মিলিত হয়। সভার নিয়মিত অনুষ্ঠান সরকারের নগদ ও ঋণ পরিকল্পনা বাস্তবায়নের পরিবীক্ষণ নিশ্চিত করে বিধায় সভা অনুষ্ঠান একটি গুরুত্বপূর্ণ কর্মসম্পাদন সূচক। | অর্থ বিভাগের ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, বাংলাদেশ ব্যাংক, সঞ্চয় অধিদপ্তর, হিসাব মাহনিয়ন্ত্রকের কার্যালয়। | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.২] ট্রেজারি বিল ও বন্ডের নিলাম পঞ্জিকা প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ | [৩.২.১] প্রকাশিত ট্রেজারি বিলের মাসিক নিলাম পঞ্জিকা | সরকার ঘোষিত পরিমাণ ঋণ অভ্যন্তরীণ বাজার থেকে সারা বৎসর বিভিন্ন মেয়াদি ট্রেজারি বিল মাধ্যমে গ্রহণের পরিকল্পনা করে। সরকারকে ঋণপ্রদানকারী জনগণ ও বিভিন্ন প্রতিষ্ঠানকে পরিকল্পনা অবগত করানোর মাধ্যমে প্রতিযোগিতা সৃষ্টি, স্বচ্ছতা নিশ্চিত করার জন্য ট্রেজারি বিলের মাসওয়ারি নিলাম পঞ্জিকা প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ করে। সরকারের পরিকল্পনার সাথে মিল রেখে ঋণপ্রদানকারীরা নিজেদের পরিকল্পনা করে এবং সময়মত ঋণ পাওয়া নিশ্চিত হয় বিধায় একটি গুরুত্বপূর্ণ কর্মসম্পাদন সূচক | ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ | বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট | |
| | [৩.২.২] প্রকাশিত ট্রেজারি বন্ডের ষান্মাসিক নিলাম পঞ্জিকা | সরকার ঘোষিত পরিমাণ ঋণ অভ্যন্তরীণ বাজার থেকে সারা বৎসর বিভিন্ন মেয়াদি ট্রেজারি বন্ডের মাধ্যমে গ্রহণের পরিকল্পনা করে। সরকারকে ঋণপ্রদানকারী জনগণ ও বিভিন্ন প্রতিষ্ঠানকে পরিকল্পনা অবগত করানোর মাধ্যমে প্রতিযোগিতা সৃষ্টি, স্বচ্ছতা নিশ্চিত করার জন্য ট্রেজারি বন্ডের ষান্মাষিক নিলাম পঞ্জিকা প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ করে। সরকারের পরিকল্পনার সাথে মিল রেখে ঋণপ্রদানকারীরা নিজেদের পরিকল্পনা করে এবং সময়মত ঋণ পাওয়া নিশ্চিত হয় বিধায় একটি গুরুত্বপূর্ণ কর্মসম্পাদন সূচক | ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ | বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৩.৩] DMFAS v6.0-এ ঋণ ডাটা সংরক্ষণ | [৩.৩.১] নতুন সার্ভার ক্রয় ও ইন্সটলেশন | ডাটাবেইজ তৈরির জন্য নতুন সার্ভার ক্রয় ও ইন্সটলেশন | ট্রেজারি ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ | | |
| [৩.৪] সরকারি ট্রেজারি সিকিউরিটিজের সেকেন্ডারি বাজার উন্নয়ন | [৩.৪.১] সরকারি ইসলামী ট্রেজারি বন্ড ইস্যুর লক্ষ্যে ধঅরণাপত্র প্রণয়ন ও সরকারের নিকট উপস্থাপন | সরকারি ইসলামী ট্রেজারি বন্ড, ট্রেজারি সিকিউরিটিজের সেকেন্ডারি বাজার উন্নয়ন। | ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ | | |
| | [৩.৪.২] সরকারি সিকিউরিটিজের প্রাইমারি ডিলারদের সাথে মত বিনিময় | সরকারি সিকিউরিটিজের প্রাইমারি ডিলারদের সাথে মত বিনিময় হলে বাজার ও মান বৃদ্ধি পাবে | ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ | | |
| [৩.৫] রাষ্ট্রীয় গ্যারান্টির স্বচ্ছতা নিশ্চিতকরণে বাজেট ডকুমেন্টের সঙ্গে দায়ের স্থিতি সংক্রান্ত তথ্য নিয়মিত প্রকাশ | [৩.৫.১] প্রকাশিত তথ্য | প্রচ্ছন্ন দায় ঋণের স্থিতিতে প্রদর্শিত হয় না কিন্তু সরকারের কাছ থেকে গ্যারান্টি গ্রহণকারী ঋণ পরিশোধের ভার সরকারের উপর বর্তায় বিধায় ঋণের মতো প্রচ্ছন্ন দায়েরও স্বচ্ছ ও নিয়মিত পরিবীক্ষণ জরুরি। এ জন্য প্রচ্ছন্ন দায়ের স্থিতি সম্বলিত তালিকা বার্ষিকভিত্তিতে প্রকাশ গুরুত্বপূর্ণ কর্মসম্পাদন সূচক | ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ | বাজেট ডকুমেন্টস | |
| [৩.৬] ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন ২০১৫ বাস্তবায়ন | [৩.৬.১] ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের নির্বাহী পরিচালক নিয়োগ | ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের নির্বাহী পরিচালক নিয়োগ প্রদান করা হয়েছে | ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ | | |
| [৩.৭] কারিগরি সহায়তা তহবিল (PPPTAF) সংক্রান্ত আদেশ/বিধি/নির্দেশনা/পরিপত্র জারি | [৩.৭.১] Rules for Public Private Partnership Technical Assistance Financing (PPPTAF), 2018 প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ | সরকারি-বেসরকারি অংশীদারিত্ব প্রকল্প বা কর্মসূচি বিষয়ে সক্ষমতা বৃদ্ধি, এ ধরনের প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদন, পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ ইত্যাদি কাজে কারিগরি সহায়তা প্রদানের দিক-নির্দেশনাস্বরূপ Policy and Strategy for Public Private Partnership (PPP), 2010 এর আলোকে ইতোপূর্বে Guidelines for Public-Private Partnership Technical Assistance Financing (PPPTAF), 2012 প্রণীত হয়েছিল। কিন্তু ইতোমধ্যে পিপিপি আইন, ২০১৫ অনুমোদিত হওয়ায় এবং Policy and Strategy for Public Private Partnership (PPP), 2010 বাতিল হওয়ায় পিপিপি আইন, ২০১৫-এর সাথে গাইডলাইনটি সামঞ্জস্যপূর্ণকরণের লক্ষ্যে পিপিপি আইন অনুযায়ী বিধিমালা আকারে এর খসড়া প্রণয়ন করা হচ্ছে। | পিপিপি ইউনিট, অর্থ বিভাগ | অর্থ বিভাগ ও পিপিপি কর্তৃপক্ষের ওয়েবসাইট | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৩.৮] অর্থনৈতিকভাবে লাভজনক কিন্তু আর্থিকভাবে অলাভজনক পিপিপি প্রকল্পে Viability Gap Financing (VGF) প্রধান এবং এ সংক্রান্ত আদেশ/বিধি/নির্দেশনা/পরিপত্র জারি | [৩.৮.১] Rules for Viability Gap Financing (VGF) for Public Private Partnership (PPP) Projects 2018 প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ | যে সকল সরকারি-বেসরকারি অংশীদারিত্ব প্রকল্প অর্থনৈতিকভাবে লাভজনক কিন্তু আর্থিকভাবে অলাভজনক সে সকল প্রকল্পে সরকারি অনুদান প্রদানের মাধ্যমে প্রকল্পটিকে বাণিজ্যিকভাবে লাভজনক প্রকল্পে রূপান্তরের লক্ষ্যে বেসরকারি বিনিয়োগকারীদের আকৃষ্টকরণের জন্য Policy and Strategy for Public Private Partnership (PPP) 2010-এর আলোকে ইতোপূর্বে Guidelines for Viability Gap Financing (VGF) for Public-Private Partnership (PPP) Projects, 2012 প্রণয়ন করা হয়েছিল। কিন্তু ইতোমধ্যে পিপিপি আইন, ২০১৫ অনুমোদিত হওয়ায় এবং Policy and Strategy for Public Private Partnership (PPP), 2010 বাতিল হওয়ায় নতুন আইনের আলোকে পুনরায় গাইডলাইনটি হালনাগাদকরণের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। এ প্রেক্ষিতে পিপিপি আইন অনুযায়ী বিধিমালা আকারে এর খসড়া প্রণয়ন করা হচ্ছে। | পিপিপি ইউনিট, অর্থ বিভাগ | অর্থ বিভাগ ও পিপিপি কর্তৃপক্ষের ওয়েবসাইট | |
| | [৩.৮.২] পিপিপি প্রকল্পে Viability Gap Financing (VGF) প্রদানের নীতিগত সম্মতি প্রদান। | অর্থনৈতিকভাবে লাভজনক কিন্তু আর্থিকভাবে অলাভজনক সরকারি-বেসরকারি অংশীদারিত্ব প্রকল্পে সরকারি অনুদান প্রদানের মাধ্যমে প্রকল্পটিকে বাণিজ্যিকভাবে লাভজনক প্রকল্পে রূপান্তরের লক্ষ্যে পিপিপি আইন, ২০১৫ এর ১৬ নং ধারা অনুযায়ী সরকার কর্তৃক অর্থ সহায়তা (Viability Gap Financing) প্রদানের সংস্থান রয়েছে। বিদ্যমান Guidelines for Viability Gap Financing (VGF) for Public-Private Partnership (PPP) Projects, 2012-এর অনুচ্ছেদ 9(e) অনুযায়ী কোন প্রকল্পের VGF প্রদান সংক্রান্ত প্রস্তাব ভিজিএফ মূল্যায়ন কমিটির সুপারিশক্রমে মাননীয় অর্থমন্ত্রী কর্তৃক অনুমোদন হওয়া প্রয়োজন। | পিপিপি ইউনিট, অর্থ বিভাগ | অর্থ বিভাগ হতে জারিকৃত স্মারক | |
| [৪.১] বাজেট ও হিসাব ব্যবস্থাপনার জন্য নতুন সফটওয়্যার (iBAS++) সংযোজন | [৪.১.১] সম্পাদিত কাজ | iBAS এর স্থলাভিষিক্ত হতে যাওয়া বাজেট ও হিসাব ব্যবস্থাপনার জন্য নতুন সফটওয়্যার (iBAS++) বাংলাদেশের আর্থিকখাত সংস্কারের একটি গুরুত্বপূর্ণ অনুসর্গ হিসেবে কাজ করবে। | অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৪.২] নতুন বাজেট ও হিসাব শ্রেণিবিন্যাস পদ্ধতি প্রণয়ন | [৪.২.১] সম্পাদিত কাজ | প্রস্তাবিত নতুন 'Chart of accounts and classification code' সরকারি আর্থিক ব্যবস্থাপনা সংস্কারের আরেকটি গুরুত্বপূর্ণ উপাদান, যা সরকারের নীতি নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। | অর্থ বিভাগ ও সিজিএ কার্যালয় | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৪.৩] সরকারি আর্থিক ব্যবস্থাপনা বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি | [৪.৩.১] প্রশিক্ষিত কর্মকর্তা | আর্থিক ব্যবস্থাপনা সম্পর্কে কর্মকর্তাদের capacity building এর জন্য প্রশিক্ষণ একটি চলমান প্রক্রিয়া | অর্থ বিভাগ, ইনস্টিটিউট অফ পাবলিক ফাইন্যান্স (আইপিএফ) | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও বাজেট ডকুমেন্টস | |
| [৫.১] ফান্ডেড পেনশন ও সকল নাগরিকের জন্য সার্বজনীন পেনশন ব্যবস্থা চালু প্রাথমিক কার্যক্রম পরিচালনা | [৫.১.১] ফান্ডেড পেনশন ও সর্বজনীন পেনশন বিষয়ে প্রণীত ধারণাপত্র সরকারের নিকট উপস্থাপন | ফান্ডের পেনশন ও সার্বজনীন পেনশন বিষয়ে প্রাথমিক ধারণাপত্র প্রণয়ন করা হবে | অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৫.২] নতুন পেনশনার ও কর্মকর্তা-কর্মচারিদের ডাটাবেইজ হালনাগাদকরণ | [৫.২.১] ডাটাবেইজ হালনাগাদকরণ | পেনশনার ও কর্মকর্তা-কর্মচারিদের ডাটাবেইজ প্রণয়নের ফলে মানব সম্পদ উন্নয়ন, আর্থিক ব্যবস্থাপনা এবং এ সংক্রান্ত বিষয়ে সঠিক পূর্বাভাস প্রদানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। | সিজিএ কার্যালয় ও অর্থ বিভাগ | অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৫.৩] CAO ফান্ড এন্ড পেনশন অফিস সৃজন | [৫.৩.১] অফিস সৃজন | | | | |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | বাজেটে প্রাক্কলিত লক্ষ্যমাত্রার তুলনায় প্রকৃত রাজস্ব আদায়ের শতকরা হার | বাজেটের লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজস্ব আদায় | জনবল বৃদ্ধি, আইনগত ও প্রশাসনিক সংস্কারের প্রেক্ষিতে সক্ষমতা অনুযায়ী লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। | লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজস্ব আদায় সম্ভব না হলে ব্যয়ের চাহিদা মেটাতে অতিরিক্ত ব্যাংক ঋণ গ্রহণ সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা বিনষ্ট করতে পারে। |
| মন্ত্রণালয় | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় | বাজেট ঘাটতি, জিডিপির শতকরা হারে | বাজেটের লক্ষ্যমাত্রা অনুযায়ী বৈদেশিক সহায়তা সংগ্রহ পুর্ণ ব্যবহার। | বাজেট বাস্তবায়নের জন্য দেশীয় সম্পদের সাথে বৈদেশিক সহায়তা দরকার। | লক্ষ্যমাত্রা অনুযায়ী বৈদেশিক সহায়তা সংগ্রহ সম্ভব না হলে বাজেট বাস্তবায়ন সম্ভব হবে না। |
| অন্যান্য | বাংলাদেশ ব্যাংক | বাজেটে প্রাক্কলিত লক্ষ্যমাত্রার তুলনায় প্রকৃত রাজস্ব আদায়ের শতকরা হার | মুদ্রানীতির পরিপূর্ণ বাস্তবায়ন ও বিনিময় হার স্থিতিশীল রাখা | মুদ্রানীতির পরিপূর্ণ বাস্তবায়ন ও বিনিময় হার স্থিতিশীল হলে বাজেটে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জন সহজ হবে। | টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি তথা সঞ্চয়, বিনিয়োগ, আমদানি ও রপ্তানিতে বিরূপ প্রভাব পড়বে। |
| অন্যান্য | পরিকল্পনা কমিশন | বাজেট বরাদ্দের তুলনায় প্রকৃত ব্যয়ের শতকরা হার | বাজেট বরাদ্দের পরিপূর্ণ ব্যবহার | পরিকল্পনা মন্ত্রণালয় ও বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সাথে আলোচনাক্রমে চাহিদা অনুযায়ী বাজেট বরাদ্দ প্রদান করা হয়েছে | টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্য অর্জন সম্ভব নাও হতে পারে |